ঝিনাইদহে ছাত্র-ছাত্রীদের মাঝে ফলজ বৃক্ষের চারা বিতরণ

ঝিনাইদহের ডেফলবাড়ী মাধ্যমিক বিদ্যালয়ের ২শত জন ছাত্র -ছাত্রীদের মাঝে ফলজ বৃক্ষেও চারা বিতরণ করা হয়েছে।

সোমবার (২১ সেপ্টেম্বর) সকালে এই চারা বিতরণ করা হয়। দেশের জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবিলা ও প্রাকৃতিক সৌন্দর্যবর্ধনের লক্ষ্যে সোমবার সকালে শেল্টার সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে ফলজ বৃক্ষের চারা বিতরণ করা হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজ সেবা অফিসার আব্দুল হাই সিদ্দিকী। আরও উপস্থিত ছিলেন ডেফলবাড়ী মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শাহিনুর আক্তার, সহকারী শিক্ষক রকিবুজ্জামান,আনোয়ার হোসেন, ইউসুফ আলী, সুজন কুমার, হাফিজুর রহমান, শেল্টার সমাজ কল্যাণ সংস্থার শাহীন আলম।

সেসময় প্রধান অতিথি আব্দুল হাই সিদ্দিকী ২শতাধিক ছাত্র-ছাত্রীদের মাঝে আম কাঠাল ও জাম ফলের চারা বিতরণ করেন।

দামুড়হুদায় ছাত্র-ছাত্রীদের সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় “তারুণ্যের উৎসব ২০২৫” উদযাপন উপলক্ষে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক কর্মসূচি ২০২৫-২৬ এর আওতায় (অনুর্ধ্ব-
১৫) ছাত্র-ছাত্রীদের সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই স্লোগানকে সামনে রেখে বৃহস্পতিবার সকাল ১১টায় জেলা ক্রীড়া অফিসের আয়োজনে উপজেলার কেশবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন পুকুরে এই সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপজেলার দামুড়হুদা সরকারি পাইলট হাইস্কুল, গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল অ্যান্ড কলেজ, জুড়ানপুর মাধ্যমিক বিদ্যালয়, মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয় ও দামুড়হুদা ডিএস দাখিল মাদরাসার ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির শিক্ষার্থীরা ক ও খ গ্রুপে বিভক্ত হয়ে চিত সাঁতার, মুক্ত সাঁতার, বুক সাঁতার ও প্রজাপতি সাঁতার এই চারটি ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।
প্রত্যেক ক্যাটাগরিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

জেলা ক্রীড়া অফিসার সেলিম রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ইকবাল হোসেন।

সাঁতার প্রশিক্ষক আশরাফুল আলমের পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শারীরিক শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান, আব্দুল খালেক, সিদ্দিকুর রহমানসহ সাঁতার প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীরা।

দর্শনায় প্রধান শিক্ষক নাসির উদ্দীনের বিরুদ্ধে ছাত্র-ছাত্রীদের মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা মেমনগর বিপ্রদাশ মাধ্যামিক বিদ্যালয়ের দৃর্নীতিবাজ প্রধান শিক্ষক নাসির উদ্দীন আহমেদের বিরুদ্ধে অর্থ আত্নসাতের নিরিক্ষা ও তদন্তের দাবিতে মানববন্ধন অনুষ্টিত হয়েছে।

আজ বুধবার (২ অক্টোবর) সকাল ১১ টার দিকে দর্শনা প্রেসক্লাবের সামনে ছাত্র ছাত্রীরা মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছে।

শিক্ষার্থীরা এ সময় বলেন, চুয়াডাঙ্গা ২ আসনের এমপি আলী আজগার টগরের যোগসাজশে স্কুলের বিভিন্ন ফান্ডের টাকা আত্নসাত করেছে বলে ছাত্র ছাত্রীরা অভিযোগ করেন। এমপির দাপটে ল্যাবের ভিতরে ছাত্র ছাত্রীদের ভিতরে ঢুকতে দেয়নি। প্রধান শিক্ষক নাসির উদ্দীনের বিরুদ্ধে ছাত্র ছাত্রীরা বলেন স্কুলের বিভিন্ন বাজেট আসে সে সব টাকাও আত্নসাত করেছে বলে অভিযোগ করে।এ সব দৃর্নীতিবাজ শিক্ষককে তদন্ত পৃর্বক ও প্রধান শিক্ষকের পদত্যাগের দাবিতে মানববন্ধন করে ছাত্র ছাত্রীরা। পরে ছাত্র ছাত্রীরা দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষন ও বিক্ষোভ মিছিল করে।এ মানববন্ধন আয়োজন করে প্রক্তন ও অধ্যয়নরত ছাত্র ছাত্রীরা ।

এ বিষয়ে মেমনগর বিপ্রদাশ মাধ্যামিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসির উদ্দীনের সাথে যোগাযোগ করা হলে মুঠো ফোন বন্ধ পাওয়া যায়।

এ বিষয়ে মেমনগর স্কুলের সহকারী প্রধান শিক্ষক একরামুল হক বলেন,অর্থ আত্নসাতের বিষয় তদন্তের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ দিয়েছি। এছাড়া জেলা শিক্ষা অফিস ডিসি অফিস ও প্রধান উপদেষ্টা বরাবর স্বারকলিপি প্রদান করেছি।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা মাধ্যামিক শিক্ষা অফিসার এস এম বজলুর রশিদকে কয়েকবার ফোন দিলেও ফোন রিসিভ করেনি।

কোটচাঁদপুর কে এম এইচ কলেজের ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

নিরীহ ফিলিস্তিনীদের উপর সন্ত্রাসী রাষ্ট্র ইসরাইল কতৃক হামলার প্রতিবাদে কোটচাঁদপুর বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন,স্থানীয় সরকারি কে এম এইচ কলেজে সাধারণ ছাত্র-ছাত্রীরা।

জানা যায়,নিরীহ ফিলিস্তিনীদের উপর সন্ত্রাসী রাষ্ট্র ইসরাইল কতৃক

হামলার প্রতিবাদে কোটচাঁদপুর বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন,স্থানীয় সরকারি কে এম এইচ কলেজে সাধারণ ছাত্র-ছাত্রীরা। গতকাল সোমবার সকালে কলেজ থেকে একটি মিছিল বের করেন।

পরে মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন। বিক্ষোভ শেষে কোটচাঁদপুর কলেজ বাসস্টান্ডে সমাবেশ করেন তারা।

এসময় সাধারণ শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য রাখেন, ফাহিম মনময়,আরিয়ান মানিক,নয়ন হোসেন,অনিক হোসেন।

বক্তারা বলেন,ফিলিস্তিনের সাধারণ মানুষের প্রতি যে, জুলুম-নির্যাতন চলমান,তার প্রতিবাদে আজ আমরা সমবেত হয়েছি।সইসরায়েলের অবৈধ দখলদারির প্রতিবাদ জানাচ্ছি। আমরা মুক্তিকামী জনতার প্রতি সংহতি জানাচ্ছি। আমরা কোনো জঙ্গিবাদকে সমর্থন করি না। কিন্তু বিশ্বের যে, প্রান্তে অন্যায় হবে, সেখানেই আমাদের প্রতিবাদ জারি থাকবে।

সমাবেশে বক্তারা আরো বলেন, ইসরাইল বর্বোরোচিতভাবে ফিলিস্তিনের গাজায় বোমা হামলা করে নারী-পুরুষ ও শিশুদের নির্মমভাবে গণহত্যা করছে। জাতিসংঘসহ আন্তর্জাতিক সংস্থাসমূহকে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার আহ্বান জানান বক্তারা।

মুজিবনগরে ছাত্র ছাত্রীদের মাঝে ফরম ফিলাপের টাকা বিতরণ

গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, পন্সর ছাত্র ছাত্রীদের মাঝে এসএসসি পরিক্ষার ফরম ফিলাপের টাকা বিতরণ করা হয়েছে।

বুধবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস হলরুমে এক অনুষ্ঠানের মাধ্যমে এই ফরম ফিলাপের টাকা বিতরণ করা হয়।

অনুষ্ঠানে গুডনেইবারর্স এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম)রিফাত আল

মাহমুদের সঞ্চালনায় এবং গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি ম্যানেজার বিভোব দেওয়ান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,মুজিবনগর উপজেলা একাডেমিক সুপার ভাইজার হাসনাইন করিম,বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও ইউপি সদস্য বাবুল মল্লিক।

এ সময় গুডনেইবারর্স এর পন্সর ১৭জন ছাত্র ছাত্রীদের মাঝে এসএসসি পরিক্ষার ফরম ফিলাপের টাকা বিতরণ করা।